

অবশেষে তেজগাঁও রাস্তা থেকে সরলো ট্রাক

অনলাইন ডেস্ক



অবশেষে রাজধানীর তেজগাঁও রাস্তা থেকে ট্রাক সরিয়ে নিলেন ট্রাক মালিক ও শ্রমিকরা। সোমবার (৩০ নভেম্বর) বেলা সোয়া ১১টার দিকে এক কার্যক্রম শুরু হয়ে দুপুর সাড়ে ১২টার দিকে শেষ হয়।

তেজগাঁও অঞ্চল ট্রাফিকের এসি আবু ইউসুফ জানান, সকালে বাংলাদেশ ট্রাক, কাভার্ড ভ্যান

চালক অ্যাসোসিয়েশনের নেতাকর্মীদের সঙ্গে কথা বলেন তিনি। এরপর পরপরই সরানোর কার্যক্রম শুরু হয়।

এর আগে রবিবার দুপুরে অবৈধ দখল উচ্ছেদে অভিযানে যান ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। তখন শ্রমিকদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়। এক পর্যায়ে সাতরাস্তা মোড়ে বিক্ষোভের পাশাপাশি গাড়ি ভাঙচুর করেন বিক্ষুব্ধ ট্রাক মালিক-শ্রমিকরা। উত্তেজনার মধ্যে পণ্ড হয়ে যায় অভিযান। তখন ওই এলাকায় স্থায়ী ট্রাক স্ট্যান্ড করার ঘোষণা দিয়ে ঘটনাস্থল ত্যাগ করেন মেয়র।

ট্রাকের কারণে সাতরাস্তা থেকে কারওয়ানবাজার ফার্মগেট সড়কটি বছরের পর বছর প্রায় বন্ধ ছিল। যানচলাচল যেমন ব্যাহত হতো তেমনি মানুষের স্বাভাবিক হাটাচলাও দায় হয়ে পড়েছিল। অবশেষে সেটি খালি হলো।

বিডি-প্রতিদিন/৩০ নভেম্বর ২০১৫/এস আহমেদ